

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৩০.২০১৮- ১৩৫৮

তারিখ ২২ অগ্রহায়ণ, ১৪২৫।
৫ ডিসেম্বর, ২০১৮।

বিষয়ঃ Contempt Petition নং ৪৯৫/২০১৮ (রিট পিটিশন নং ১৬৫৮৫/২০১৭ থেকে উদ্ধৃত) মামলাটির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মাসুদা পারভীন, পিতা: মর্তুজা আলী, মাতা: শাহিদা খাতুন, দাবীকৃত সহকারী শিক্ষক, শিবপুর কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়, গ্রাম: সোনাপুর, পো: মুজিবনগর, উপজেলা: মুজিবনগর, জেলা: মেহেরপুর-গং (মোট ১৩ টি জেলার ১৮ টি উপজেলার ৪৩ জন বাদী)- তাঁরা আর্জিতে বর্ণিত কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় এবং রেজি: বেসরকারী প্রাথমিক বিদ্যালয় এর শিক্ষক হিসেবে দাবী করে - তাঁদের চাকুরী জাতীয়করণ/নিয়মিতকরণসহ বেতন, বোনাস ও অন্যান্য সুবিধাদি প্রাপ্তির দাবীতে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ১৬৫৮৫/২০১৭ দায়ের করেন।

০২। মামলাটি সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য গত ১১.০৩.২০১৮ খ্রি: বিজ্ঞ ডেপুটি এ্যাটর্নী জেনারেল জনাব অরবিন্দ কুমার রায় এর নিকট প্রাপ্ত সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদিসহ রিট পিটিশন ১৬৫৮৫/২০১৭ এর একটি ছায়াংশ প্রেরণ করা হয় এবং রিট পিটিশনটির বাদীগণ "ভূয়া শিক্ষক" মর্মে সংশ্লিষ্ট প্রধান শিক্ষক, এসএমসির সভাপতি, উপজেলা শিক্ষা অফিসার এবং সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের প্রত্যয়নসহ গত ১৪.০৩.২০১৮ খ্রি: বর্ণিত বিজ্ঞ ডেপুটি এ্যাটর্নী জেনারেল জনাব অরবিন্দ কুমার রায় এর নিকট অত্র আইন কোষের সহকারী পরিচালক কর্তৃক এফিডেভিট সম্পন্ন করা হয়। রিট পিটিশন নং ১৬৫৮৫/২০১৭ এর বিরুদ্ধে মামলা পরিচালনার জন্য জনাব সুফিয়া খাতুন কে এ্যাডভোকেট অন রেকর্ড নিয়োগ করা হয়। মামলাটি Civil Petition for leave to appeal no. ৩১৬৩/২০১৮ দায়ের করা হয়েছে মর্মে বিজ্ঞ এ্যাডভোকেট অন রেকর্ড গত ১৯.১১.২০১৮ পত্রের মাধ্যমে জানিয়েছে।

০৩। রিট পিটিশন নং ১৬৫৮৫/২০১৭ মামলা পরিচালনার জন্য সংশ্লিষ্ট যাবতীয় রেকর্ডপত্র আইন কোষের স্মারক নং ৩৮.১১৪.০০৪.০১.৩৪৯.২০১৭-৪৬২, তারিখ ১৫ এপ্রিল ২০১৮ মোতাবেক আপনার নিকট প্রেরণ করা হয়েছে। তাছাড়া গত ০৭ অক্টোবর ২০১৮ তারিখে ০৮টি জেলার প্রত্যয়ন, ওকালতনামাসহ ৬৭ পাতা সরবরাহ করা হয়েছে। ইতোমধ্যে মহামান্য হাইকোর্ট কর্তৃক রিট পিটিশন নং ১৬৫৮৫/২০১৭ মামলার রায় বাস্তবায়ন না করায় Contempt Petition নং ৪৯৫/২০১৮ দায়ের করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, Contempt Petition নং ৪৯৫/২০১৮ (রিট পিটিশন নং ১৬৫৮৫/২০১৭ থেকে উদ্ধৃত) মামলাটি সরকার পক্ষে পরিচালনা বিষয়ে আইনগত পদক্ষেপ গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

- সংযুক্তি : ১) রুল ও আর্জির কপি ২৫ পাতা।
২) ওকালতনামা ও ক্ষমতাপর্ন পত্র ২ পাতা।
৩) এ্যাডভোকেট অন রেকর্ড এর প্রত্যয়ন ১পাতা।
৪) আনুষংগিক রেকর্ডপত্র ৪ পাতা।

মোট : ৩২ পাতা।



(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)
সহকারী পরিচালক (আইন কোষ)
পক্ষে- মহাপরিচালক

এ্যাডভোকেট শেখ শফিক মাহমুদ
প্যানেল এ্যাডভোকেট
আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স
চেম্বার নং-এ-৪ (৬ষ্ঠ তলা)
২০৪, শহীদ নজরুল ইসলাম সরণী, ঢাকা।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৩০.২০১৮- ১৩৫৮/২

তারিখ ২২ অগ্রহায়ণ, ১৪২৫।
৫ ডিসেম্বর, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো।

১। সহকারী সচিব (আইন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। সংরক্ষণ নথি।



(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)
সহকারী পরিচালক (আইন কোষ)